# অগ্নিতে নেই দহন

দিনের থেকে রাত্রি দীর্ঘ, সখ্য থেকে বিরোধ
মান অপমান তুল্য মূল্য, ভস্মে যেমন সাম্য
উচ্চারিত লক্ষ কথা, কোটি শব্দ উহ্য
সব গুছিয়ে শেষ যাত্রা ! নেহাৎই এক স্বপ্ন

ভ্রমণ অর্থে দরজা ছেড়ে দু - এক দণ্ড বিলাস
উঠোন থেকে রৌদ্র খুঁটছে তপস্বিনী সকাল
নির্ভয়ে পা বাড়িয়ে আবার গুটিয়ে নিচ্ছে ভয়
একটু গেলে সেগুনছায়ায় ঘনায় অন্ধকার

বসন্ত আর গ্রীষ্মে যখন সখ্য উতল হাওয়ায়
কখনো স্মৃতি দু - চার ফোঁটা জলের সেতুবন্ধ
এপার ওপার দুঃখ সুখের ক্ষণকালের ছোঁয়া
দুলিয়ে দিচ্ছে শেষ বিকেলের মুকুটমণিপুর

গভীর থেকে গভীরতর সুপ্ত দৃশ্যাবলি
ভ্রমণসঙ্গী নদী পাহাড় স্নিগ্ধ বাক্যালাপ
হঠাৎ হঠাৎ জলোচ্ছ্বাসের মত্ত মহিমায়
চোখের সামনে কায়ায় মায়ায় চকিত দৃশ্যমান

ঘোরের মধ্যে সময় কাটে ! কতটা তা সত্যি
বৃষ্টিবিহীন আষাঢ়, এবং অগ্নিতে নেই দহন
জাদুদণ্ড ঘুরিয়ে যখন সকাল খুলবে চোখ
পরামার্থ বুঝতে বুঝতে আবার গভীর রাত্রি !

গোবিন্দ ভট্টাচার্য

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com